

## অমাবস্যার আলো

পীচ রাস্তার ভাঙা কালভাটে  
শুয়ে একা,  
আকাশমণি গাছের ফাঁক দিয়ে  
দেখি, কালো আকাশের বুকে  
অজস্র সব তারা।  
মনে পড়ে যায়, সেই কবে  
কালো শিফনের শাঢ়ীতে  
পালী চুমকী  
জড়নো ছিল, তোমার গায়ে।  
আজ অমাবস্যার রাতে  
ঠিক যেন তুমি,  
আকাশ হয়ে ডাকছো  
আমাকে।  
প্রেমিকরা সব-  
জ্যোৎস্নার কথা বলে,  
ভরা চাঁদের আলোয়  
হাত ধরে ইঁটে;  
আদম আর ইভ।  
ওরা অন্ধ-  
তাই আলোর খেঁজে ফেরে,  
আমি তো এই কুচকুচে  
কালোর চাদরে জড়নো-  
কত অজস্র তারা দেখি,  
আর মাটির উপর  
জোনাকিরা, সবুজ আলোয়  
আমার পথ দেখায়।  
আমি হেঁটে চলি  
অন্ধকারের হাত ধরে  
তোমার কাছে।

আশিষ চত্রবর্তী

## ভালবাসার বৃষ্টি

এক পশলা বৃষ্টির  
মতো তুমি এলে,  
বুকের ভিতর থেকে; শুয়ে নিলে  
যত ছিল উষ্ণতা।  
ক্ষতায় ভরা মন্টা  
ভিজিয়ে দিলে তোমার ছেঁয়ায়,  
নরম মাটিতে পুঁতে দিলে বীজ  
যা থেকে জন্ম নিল  
কত অজস্র সবুজ;  
শিরীয়, পলাশ আর বকুলেরা।  
প্রকৃতি ভরে গেল প্রাণে,  
আর সেই প্রাণের ছেঁয়ায়  
জন্ম নিল - ভালবাসা।  
যাকি না হারিয়ে গেছে  
আজকের পৃথিবীতে,  
তাই তো মানুষেরা সব চাতকের মতো  
তোমায় খেঁজে, তোমাকে  
বৃষ্টিকে, আমার  
ভালবাসার বীজকে।

আশিষ চত্রবর্তী

